



চুয়াডাঙ্গা পৌরসভা কার্যালয়

শহীদ আবুল কাশেম সড়ক, চুয়াডাঙ্গা। ফোনঃ ০২৪৭৭৭৮৭৮৮১

Web: www.chuadangapourosava.org/, E-mail: chuadangapourosava@lgd.gov.bd

স্মারক নং- চুয়াঃ পৌঃ/WC কমিটি গঠন-৩/২৫-২০১৮/২০২৪/ ২৭৮৬

তারিখ- ২৫/১১/২৪ খ্রিঃ

“প্রজ্ঞাপন”

স্থানীয় সরকার (পৌরসভা) আইন-২০০৯ ও সংশোধনী আইন-২০১০ এর ২য় ভাগের ২য় অধ্যায়ের ১৪ নং অনুচ্ছেদের প্রত্যেকটি ওয়ার্ড পর্যায়ে উন্মুক্ত সভার মাধ্যমে পৌরসভার উন্নয়ন কার্যক্রম এবং প্রশাসন বিষয়ে সিদ্ধান্ত গ্রহণের লক্ষ্যে ওয়ার্ডের নাগরিকদের অংশ গ্রহণ নিশ্চিত করতে ১০ সদস্য বিশিষ্ট ওয়ার্ড কমিটি পুনঃ গঠন করা হলো। কমিটি নিম্নে উল্লেখিত কার্যপরিধি অনুযায়ী দায়িত্ব পালন করবেন।

০১ নং ওয়ার্ড কমিটির (WC) নিম্নরূপ:

ক্রমিক নং	নাম	পেশা/পদবী	কমিটিতে পদবী
০১	জনাব মোঃ মহসীন	নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত বিভাগ, চুয়াডাঙ্গা ও সদস্য চুয়াডাঙ্গা পৌরসভা	সভাপতি
০২	মোঃ আব্দুল করিম, হাটকালুগঞ্জ, চুয়াডাঙ্গা	প্রতিনিধি সমাজ সেবক	সহ-সভাপতি
০৩	মোঃ হারুন, কেদারগঞ্জ, চুয়াডাঙ্গা	এনজিও প্রতিনিধি	সদস্য
০৪	মোঃ লালু রহমান, ভিরঞ্চাহ, চুয়াডাঙ্গা	দরিদ্র জনগোষ্ঠী প্রতিনিধি	সদস্য
০৫	মোঃ জাহিদুল ইসলাম, হাটকালুগঞ্জ, চুয়াডাঙ্গা	দরিদ্র জনগোষ্ঠী প্রতিনিধি	সদস্য
০৬	মোঃ সাইদুর রহমান, কেদারগঞ্জ, চুয়াডাঙ্গা	পেশাজৈবী প্রতিনিধি	সদস্য
০৭	মোছাঃ শ্যামলী খাতুন, হাটকালুগঞ্জ, চুয়াডাঙ্গা	প্রতিনিধি সমাজ সেবক	সদস্য
০৮	মোছাঃ রিনা খাতুন, হাটকালুগঞ্জ, চুয়াডাঙ্গা	প্রতিনিধি সমাজ সেবক	সদস্য
০৯	মোঃ হাফিজুর রহমান হ্যাপী	পেশাজীবী সংগঠন	সদস্য
১০	মোঃ হাফিজুর রহমান কাওছার	সহকারী প্রকৌশলী	সদস্য সচিব

ওয়ার্ড কমিটির (W) কার্যপরিধি: আইনের বিধান সাপেক্ষে ওয়ার্ড কমিটির কার্যপরিধি নিম্নরূপ হইবেঃ-

১. ওয়ার্ডের চলমান, বাস্তবায়িতব্য উন্নয়নমূলক কাজের অগ্রগতি, গুণগত মান ও সমস্যা নিয়ে ওয়ার্ডের নাগরিকবৃন্দের সহিত আলোচনা করা;
২. ধারা -১১৫ এর অধীনে গঠিত কমিটির সভায় ওয়ার্ডের অবকাঠামো এবং সেবা ও সমস্যাসমূহ উপস্থাপন করা;
৩. জনগণকে কর, উপ-কর, ফিস, টোল ও রেইট ইত্যাদি প্রদানের জন্য সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে কার্যক্রম পরিচালনা করা;
৪. জন্ম-মৃত্যু নিবন্ধনসহ অত্যাবশ্যকীয় আর্থসামাজিক উপাত্ত সংগ্রহ;
৫. রাস্তার বাতি, নিরাপদ পানির উৎস ও অন্যান্য জনকল্যানমূলক প্রকল্প নির্ধারনের জন্য পরিষদকে পরামর্শ প্রদান;
৬. পরিক্ষার-পরিচ্ছন্নতা, স্যানিটেশন, পরিবেশ সংরক্ষণ, বৃক্ষরোপন বিষয়ে সচেতনতা সৃষ্টি করা;
৭. ওয়ার্ডের বিভিন্ন শ্রেণি ও পেশার লোকের মধ্যে ঐক্য ও সুসম্পর্ক সৃষ্টি করার বিষয়ে সচেতনতা বৃদ্ধি করা;
৮. সরকারের বিভিন্ন উন্নয়নমূলক কর্মসূচিভুক্ত যেমন, ভিজিডি, ভিজিএফ, বয়স্ক ভাতা, বিধবা ভাতা, ভর্তুকি ইত্যাদি ব্যক্তিদের তালিকা তৈরি করে পৌরসভায় প্রেরণ করা;
৯. জনস্বাস্থ্য বিষয় কার্যক্রম, বিশেষত বিভিন্ন প্রকার রোগ প্রতিরোধ, পরিবার পরিকল্পনা কার্যক্রম, বর্জ্য অপসারনের ক্ষেত্রে স্বেচ্ছাশ্রমের ভিত্তিতে সহায়তা করা;
১০. মহামারী ও প্রাকৃতিক দুর্ঘটনা মোকাবেলায় জরুরী ভিত্তিতে কার্যক্রম গ্রহণ করা;
১১. পৌরসভা কর্তৃক বাজেট অনুমোদন সাপেক্ষে, প্রতি ছয়মাসে একবার ১৫০ জন গণ্যমান্য ব্যক্তিকে আমন্ত্রণ জানিয়ে ওয়ার্ডে সার্বিক কর্মসূচি সম্পর্কে উন্মুক্ত আলোচনা করিয়া, সফল বাস্তবায়নের জন্য উহা পরিষদে প্রেরণ করা;
১২. সরকার এবং পরিষদ কর্তৃক সময় সময় অর্পিত অন্য কোন দায়িত্ব পালন;

(শারমিন আকতার)
প্রশাসক
চুয়াডাঙ্গা পৌরসভা।